মেসিকে বরণ করে নেইমারের টুইট

বিশ্বকাপ জয় করে রাজার বেশে প্যারিস সেইন্ট জার্মেইয়ে (পিএসজি) যোগ দিয়েছেন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী অধিনায়ক লিওনেল মেসি। আনন্দঘন পরিবেশে পার্ক দ্য প্রাসে আর্জেন্টাইন মহাতারকাকে বরণ করে নেন তার ক্লাব সতীর্থরা। মেসিকে দেওয়া হয় গার্ড অব অনার। অনুশীলনে গিয়ে নেইমারদের সঙ্গে দেখা হয় মেসির। বিশ্বকাপজয়ী বন্ধুকে পেয়ে নেইমারের উচ্ছ্বাস ছিল দেখার মতো।

কাতার বিশ্বকাপের শেষ আট থেকে ছিটকে যায় ব্রাজিল। নেইমারের বিশ্বকাপ জয়ের স্বপ্ন আবারও ভেঙে যায়। কিন্তু ফ্রান্সকে হারিয়ে মেসির হাতে বিশ্বকাপ উঠতেই শুভেচ্ছা জানাতে দেরি করেননি নেইমার। টুইট করে মেসিকে তিনি শুভেচ্ছা জানান। আজও মেসিকে বরণ করে নেওয়ার ছবি সোশ্যাল সাইটে পোস্ট করে ভালোবাসা জানিয়েছেন নেইমার।

৩৬ বছর পর আর্জেন্টিনাকে বিশ্বকাপ এনে দিয়েছেন মেসি। ক্যারিয়ারের গোধূলি বেলায় তার হাতের স্পর্শ পেয়েছে বিশ্বকাপ ট্রফিটা। মেসির হাতে তুলে দেওয়া হয় সম্মাননা স্মারক। পরে স্মারক হাতে ছবিও তুলেছেন মেসি। মেসিকে স্বাগত জানানোর এ ক্ষণে অনুপস্থিত ছিলেন কিলিয়ান এমবাপ্পে। পিএসজির এ ফরাসি সুপারস্টার আপাতত ছুটিতে আছেন।

দায়িত্ব পেলে দুই মাসে সব পরিবর্তন করতে পারব: সাকিব

মাত্র ১ দিনের জন্য গালফ অয়েল বাংলাদেশ লিমিটেডের চিফ এক্সিকিউটিভ অফিসারের দায়িত্ব নিয়েছেন বাংলাদেশের টি-২০ ও টেস্ট অধিনায়ক সাকিব আল হাসান। বুধবার (৪ জানুয়ারি) দায়িত্ব নিয়ে গণমাধ্যমের মুখোমুখি হন সাকিব। সেখানে আসন্ন বিপিএল নিয়ে প্রশ্নের সম্মুখীন হন সাকিব।

বিপিএল আয়োজনে যদি সিইও হতেন তাহলে কী ভূমিকা রাখতেন? এমন

প্রশ্নের উত্তরে সাকিব জানান, সর্বোচ্চ ১ থেকে ২ মাস সব পরিবর্তন করবেন। তিনি বলেন, ‘আমাকে যদি সিইও দায়িত্ব দেওয়া হয় বিপিএলের, আমার বেশিদিন লাগবে না। আমার ধারণা ১ থেকে ২ মাস লাগবে সবকিছু ঠিক করতে- ম্যাক্সিমাম। খুব বেশি হলে দুই মাসও লাগার কথা না। দুই মাস তো অনেক দূরের কথা বলেছি।’

বলিউডের জনপ্রিয় সিনেমা ‘নায়ক’ এর প্রসঙ্গে টেনে সাকিব আরও বলেন, ‘নায়ক মুভিতে দেখেছেন না ১ দিনে অনেক কিছু করা সম্ভব যে করতে পারে। যে পারে সে সবসময়ই করতে পারে।’

চলতি বিপিএলের সিইও হলে কি করবেন এমন প্রশ্নে তিনি বলেন, ‘এই মৌসুমের সবকিছু বাদ দিয়ে আবার ড্রাফট হবে, অকশন হবে। ফ্রি টাইমে বিপিএল হবে, সব আধুনিক টেকনোলজি থাকবে। ব্রডকাস্ট ভালো থাকবে হোম এন্ড অ্যাওয়ে ভেন্যু থাকবে।’
সূত্র: ইত্তেফাক

আগামী মৌসুমে চ্যাম্পিয়ন্স লিগে খেলবেন রোনালদো!

বিশ্বকাপের আগে ম্যানচেস্টার ইউনাইটেড আর এরিক টেন হাগের সম্পর্কে নেতিবাচক মন্তব্য করার পরই ক্লাব থেকে পর্তুগীজ তারকা ক্রিশ্চিয়ানো রোনালদো সঙ্গে চুক্তি বাতিল করা হয়েছিল। তারপর প্রায় দেড় মাস ক্লাবহীন ছিলেন রোনালদো। অবশেষে সব জল্পনা- কল্পনার অবসান ঘটিয়ে সৌদি আরবের ক্লাব আল নাসরেতে যোগ দেন সিআরসেভেন।

এশিয়ার ক্লাবে যোগ দেওয়ায় অনেকেই মনে করেছিলো আর হয়তো উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে দেখা যাবে না রোনালদোকে। তবে এখনও রোনালদোর চ্যাম্পিয়ন্স লিগে খেলার সুযোগ আছে বলছে স্প্যানিশ ক্রীড়া পত্রিকা মার্কা ও ডেইলি মেইল। তাদের এক প্রতিবেদনে জানিয়েছে, রোনালদো আল নাসেরের সঙ্গে করা চুক্তিতে একটি শর্ত রেখেছেন। যেখানে বলা হয়েছে যে, সৌদি মালিকানাধীন প্রিমিয়ার লিগের ক্লাব নিউক্যাসল ইউনাইটেড যদি চ্যাম্পিয়ন্স লিগ খেলার

যোগ্যতা অর্জন করে তাহলে ধারে সেখানে খেলতে পারবেন পাঁচ বারের ব্যালন ডি’অর জয়ী এই ফুটবলার।

চলমান প্রিমিয়ার লিগে পয়েন্ট টেবিলের তিন নম্বরে নিউক্যাসল ইউনাইটেড। চলতি মৌসুম শীর্ষ চারে থেকে শেষ করতে পারলেই পরবর্তী চ্যাম্পিয়ন্স লিগে খেলার সুযোগ পাবে নিউক্যাসল ইউনাইটেড।

আলভেসের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

ব্রাজিলিয়ান তারকা দানি আলভেস নতুন বছরে নতুন করে আলোচনায় উঠে এসেছেন। তবে এবারের আলোচনা নেতিবাচক। কেননা তার বিরুদ্ধে অভিযোগ উঠেছে যৌন হয়রানির।

নতুন বছরকে স্বাগত জানাতে বার্সেলোনায় গিয়েছিলেন ব্রাজিলিয়ান এ ডিফেন্ডার। কিন্তু সেখানে গিয়ে বিপত্তির জন্ম দেন তিনি।

বার্সেলোনার একটি নাইটক্লাবে কোনো সম্মতি ছাড়া এক নারীর অন্তর্বাসে হাত দিয়ে বসেন আলভেস। সাবেক বার্সা ডিফেন্ডারের এমন কাণ্ডে ঘাবড়ে যান সেই নারী।

পরে বন্ধুদের ও নিরাপত্তাকর্মীদের ডাকতে শুরু করেন সেই নারী। এই ফাঁকে আলভেস ঘটনাস্থল ত্যাগ করেন। স্প্যানিশ সংবাদমাধ্যম জানায়, তার বিরুদ্ধে আনা যৌন হয়রানির অভিযোগ অস্বীকার করেছেন আলভেস।

আলভেসের দাবি, বার্সেলোনার সেই ক্লাবে অল্প সময়ের জন্য ছিলেন তিনি। আর সেই সময়ে এ রকম কিছুই হয়নি।

তবে কাতালান পুলিশ অভিযোগকারী নারীর বক্তব্য নিয়েছে। এখনো আনুষ্ঠানিক কোনো অভিযোগ গঠন করা হয়নি সেই ঘটনার পরিপ্রেক্ষিতে।

‘এ বছরটি আমি কখনই ভুলতে পারব না’

খ্রিস্টীয় নতুন বছর ২০২৩-কে বরণ করে নিতে ইনস্টাগ্রামে এক আবেগঘন স্ট্যাটাস দিয়েছেন ফুটবলের জাদুকর ও বিশ্বচ্যাম্পিয়ন লিওনেল মেসি। এতে সবার আগে নিজ পরিবারকেই প্রাধান্য দিয়েছেন তিনি। খবর মার্কা নিউজের।

আবেগঘন ভাষায় মেসি লিখেছেন— ‘এ বছরটি আমি কখনই ভুলতে পারব না। সবসময় যে স্বপ্ন দেখে এসেছি, সেটি এ বছর বাস্তব হয়েছে। আর এ স্বপ্ন বাস্তবায়নের পেছনে অন্যতম কারিগর আমার পরিবার। সবার চেয়ে সুন্দর পরিবার আমার।’

ইনস্টাগ্রামে তার পোস্টে একটি ছবিও যুক্ত করেছেন মেসি। এতে স্ত্রী আন্তোনেলা এবং তিন সন্তান থিয়াগো, মাতেও ও সিরোকে দেখা যায় মেসির সঙ্গে।

পরিবারের পর সমর্থকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন মেসি। তিনি লিখেছেন, ‘সমর্থকদের অনুপ্রেরণা এবং উৎসাহ ছাড়া এত অর্জন সম্ভব ছিল না। তাই বুয়েন্স আয়ার্স, প্যারিস, বার্সেলোনা শহরসহ যেসব শহরের সমর্থকরা অবিরত আমার পাশে ছিলেন, তাদের প্রতি কৃতজ্ঞতা রইল।’ এর পর সবাইকে নতুন বছর ২০২৩-এর শুভেচ্ছা জানিয়েছেন মেসি।

প্রসঙ্গত, বিশ্বকাপ জেতার পর দুই সপ্তাহ অবসর সময় কাটাচ্ছেন ফুটবলের জাদুকর লিওনেল মেসি। সোমবার ফের পিএসজিতে যোগ দেবেন তিনি। নতুন উদ্যমে শুরু করবেন খেলা।

পাঁচবার বিশ্বকাপ খেলার পর কাতার বিশ্বকাপে ৩৫ বছর বয়সে ট্রফি জিতে নিয়েছেন আর্জেন্টাইন তারকা লিওনেল মেসি।

সূত্র:যুগান্তর

মেহেরপুর ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের ৮ম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুর ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের (এমকেএসপি) ৮ম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

আজ শনিবার বিকালে এ উপলক্ষে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়।

এমকেএসপির পরিচালক ও মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন। অনুষ্ঠানে বক্তব্য দেন, প্রাক্তন ক্রিকেটার সাদাত আহমেদ বুড়ো, একে আজাদ টিটু, মানজারুল ইসলাম প্রমূখ।

পরে সেখানে কেক কেটে এমকেএসপি’র ৮ম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়। এমকেএসপির ক্ষুদে ক্রিকেটাররা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

সৌদির আল নাসর ক্লাবে রোনাল্ডো

সব জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে অবশেষে সৌদি আরবের ক্লাবে যোগ দিয়েছেন পর্তুগিজ স্ট্রাইকার ক্রিস্টিয়ানো রোনাল্ডো।

সৌদির আল নাসর ক্লাবে খেলে বছরে তিনি পাবেন ১৭৭ মিলিয়ন ইউরো। আগামী ২০২৫ সাল পর্যন্ত খেলবেন ক্লাবটিতে। খবর বিবিসির।

বিশ্বকাপ চলাকালে ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের সঙ্গে বিচ্ছেদ হয়েছে রোনাল্ডোর। বিশ্বকাপ জয়ের স্বপ্নও পূরণ হয়নি পর্তুগাল অধিনায়কের।

এই পরিস্থিতিতে রোনাল্ডোর ক্লাব ফুটবলের ভবিষ্যৎ কী হতে চলেছে, সেদিকেই তাকিয়ে ছিলেন ফুটবলপ্রেমীরা। অবশেষে সৌদি আরবের ক্লাব আল-নাসরে যোগ দিলেন রোনাল্ডো ।

সৌদির এই ক্লাব রোনাল্ডোর যোগদানের আনুষ্ঠানিক ঘোষণা দিয়েছে। দলের জার্সি হাতে নিয়ে রোনাল্ডোর একটি ছবিও ইনস্টাগ্রামে শেয়ার করেছে তারা।

রোনাল্ডো এক সাক্ষাৎকারে জানিয়েছিলেন, তাকে সৌদির একটি ক্লাব ৩০৫ মিলিয়ন ইউরো প্রস্তাব দিয়েছে। এরপরই প্রকাশ্যে আসে আল নাসর ক্লাবের কথা। যদিও পরে শোনা যায়, তিনি প্রস্তাবটি ফিরিয়ে দেন। কিন্তু অবশেষে, সৌদি আরবেই পাড়ি দেওয়ার সিদ্ধান্ত নিলেন সি আর সেভেন ।

রোনাল্ডোর ব্যাপারে যেসব দল আগ্রহ প্রকাশ করেছিল, তাদের মধ্যে চেলসি, ইন্টার মিলান, এসি মিলানের মতো দলের নাম শোনা যাচ্ছিল। কিন্তু কেউই কোনও চুক্তির অঙ্ক দেয়নি।

পেলের মৃত্যুতে তারকা ফুটবলারদের বার্তা

জীবনের সব মায়া কাটিয়ে পরপারে পাড়ি জমিয়েছেন ফুটবলের অবিসংবাদিত সম্রাট পেলে। ক্যান্সারের সঙ্গে দীর্ঘ লড়াই শেষে বৃহস্পতিবার (২৯ ডিসেম্বর) দিবাগত রাত ১ টায় ৮২ বছর বয়সে সাও পাওলোর আলবার্ট আইনস্টাইন হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন কিংবদন্তি পেলে। ব্রাজিলিয়ান এই কিংবদন্তির মৃত্যুতে শোক নেমে এসেছে সমগ্র ক্রীড়াজগতে।

মৃত্যুতে শোক প্রকাশ করেছেন অনেক তারকা ফুটবলার। ব্রাজিলের

মিডফিল্ডার ক্যাসেমিরো বলেছেন, ‘শান্তিতে ঘুমান পেলে। ফুটবল এবং ব্রাজিলকে আপনি যে গৌরব এনে দিয়েছেন সে জন্য ধন্যবাদ। আপনার উত্তরাধিকার চিরন্তন।’

পোল্যান্ডের তারকা ফুটবলার রবার্ট লেওয়ান্ডোভস্কি ফেসবুকে লেখেন, ‘স্বর্গ একটি নতুন নক্ষত্র পেল, আর ফুটবল দুনিয়া হারাল একজন নায়ককে।’

ইংলিশ খেলোয়াড় রাহিম স্টার্লিং লিখেন, ‘শান্তিতে ঘুমান কিংবদন্তি।’ ওয়ালসের তারকা গ্যারেথ বেল লিখেছেন, ‘যার কারণে আমরা অনেকেই ফুটবলকে ভালোবাসি। শান্তিতে ঘুমান কিংবদন্তি।’

এছাড়া পেলের মৃত্যুতে শোক জানিয়ে আবেগঘন পোস্ট দিয়েছে আর্লিং হালান্ড, ইংলিশ ফুটবলার হ্যারি কেইন, সাবেক ফুটবলার ডেভিড বেকহ্যাম ও ওয়েইন রুনির মতো তারকারাও।

সূত্র: ইত্তেফাক

হতাশার বিশ্বকাপের পর পিএসজিতে ফিরেই লাল কার্ড দেখলেন নেইমার

হতাশার এক বিশ্বকাপ শেষ করেই পিএসজিতে ফিরেছিলেন ব্রাজিলিয়ান তারকা নেইমার। তবে বিশ্বকাপের হতাশা কাটিয়ে উঠতে না উঠতেই আবারও বিতর্কে জড়ালেন বিশ্বকাপের পর প্রথম ম্যাচে স্ট্রার্সবার্গের বিপক্ষে মাঠে নেমেই। মাত্র দুই মিনিটের ব্যবধানে দুই হলুদ কার্ড দেখে মাঠ ছাড়তে হয়েছে নেইমারকে। দ্বিতীয় হলুদ কার্ডটি দেখেছেন আবার ডাইভ দিয়ে।

বিশ্বকাপের বিরতির পর বুধবার (২৮ ডিসেম্বর) রাতে প্রথমবার মাঠে নেমেছিলো পিএসজি। স্ট্রাসবার্গের বিপক্ষে ম্যাচে ২-১ গোলে বেশ কষ্টার্জিত জয় পেয়েছে প্যারিসিয়ানরা। ম্যাচের অন্তিম মুহুর্তে এমবাপ্পের পেনাল্টিতে জয় নিশ্চিত হয় শিরোপাধারীদের। তবে পিইএসজির জয় ছাপিয়েও ম্যাচশেষে আলোচনায় নেইমারের লাল কার্ড

পাওয়ার ঘটনা।

ম্যাচের ৬১ মিনিটে স্ট্রাসবার্গ মিডফিল্ডার আদ্রিয়ান থমাসনকে আঘাত করে প্রথম হলুদ কার্ড পান নেইমার। এই হলুদ কার্ডের ১ মিনিট পরই স্ট্রাসবার্গের ডি বক্সের মধ্যে ডাইভ দিলে দ্বিতীয় হলুদ কার্ড দেখেন ব্রাজিলিয়ান এই তারকা। অতিরিক্ত অভিনয়ের জেরেই নেইমারকে দ্বিতীয় হলুদ কার্ড দেখিয়ে মাঠ ছাড়তে বাধ্য করেন রেফারি।

৬২ মিনিটেই দশজনের দলে পরিণত হওয়ায় জয় পাওয়াটা বেশ কষ্টসাধ্য হয়ে যায় পিএসজির জন্য। ম্যাচের একবারে শেষ মুহুর্তে এসে স্পটকিক থেকে গোল করে পিএসজিকে জয় এনে দেন বিশ্বকাপের ফাইনাল থেকে হতাশ হয়ে ফেরা এমবাপ্পে।

লাল কার্ড পেয়ে মাঠ ছাড়ার আগে ম্যাচের ১৪ মিনিটে পিএসজিকে এগিয়ে নেওয়ার কারিগইর ছিলেন নেইমারই। ব্রাজিলিয়ান তারকার দুর্দান্ত এক ফ্রি কিক থেকে হেডে গোল করে পিএসজিকে লিড এনে দিয়েছিলেন জাতীয় দলেও নেইমারের সতীর্থ মার্কুইনহোস।

তবে, নেইমার লাল কার্ড দেখে মাঠ ছাড়ার পর দশজনে পরিণত হওয়া পিএসজি পয়েন্ট খোয়াতে বসেছিলো ড্র করে। শেষ মুহুর্তে ত্রাতা হয়ে এসে দলের জয় নিশ্চিত করেন বিশ্বকাপের ফাইয়ানলে হ্যাটট্রিক করেও খালি হাতে ফেরা ফরাসি তারকা এমবাপ্পে।

সূত্র: ইত্তেফাক

সমাপ্ত হলো বাংলাদেশ ক্রিকেটে রাসেল ডমিঙ্গো অধ্যায়

অবশেষে সমাপ্তি হলো বাংলাদেশ ক্রিকেটে রাসেল ডমিঙ্গোর অধ্যায়। বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের প্রধান কোচের দায়িত্ব থেকে সরে দাঁড়ালেন রাসেল ডমিঙ্গো। গতকাল মঙ্গলবার (২৭ ডিসেম্বর) ই-মেইলে বিসিবিকে নিজের পদত্যাগ পত্র পাঠিয়েছেন এই প্রোটিয়া কোচ।

বিষয়টি নিশ্চিত করেছেন বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান জালাল ইউনুস।

ভারতের বিপক্ষে ঘরের মাঠে টেস্ট সিরিজ হারের পরই নিজের দায়িত্ব ছাড়লেন ডমিঙ্গো। সিরিজ হেরে যাওয়ার পর থেকেই গুঞ্জন ছিলো ডমিঙ্গোকে দায়িত্ব থেকে সরিয়ে দেওয়ার ব্যাপারে। অবশেষে অব্যাহতি দেওয়ার আগে নিজেই সরে দাঁড়ালেন এই দক্ষিণ আফ্রিকান।

টেস্ট সিরিজ শেষ হওয়ার পরই বড়দিনের ছুটিতে নিজ দেশে গেছেন ডমিঙ্গো। সেখান থেকেই মেইল পাঠিয়ে পদত্যাগের বিষয়টি জানান তিনি।

সবশেষ এশিয়া কাপ থেকেই ডমিঙ্গোর সঙ্গে বিসিবির সম্পর্কের অবনতি হয়। টি-টোয়েন্টির দায়িত্বেও তার পরিবর্তে আনা হয়েছিলো শ্রীধরন শ্রীরামকে।

ভারতের বিপক্ষে টেস্ট সিরিজ শেষ হওয়ার পরই জালাল ইউনুস জানিয়েছিলেন, পরিবর্তন আসতে যাচ্ছে বাংলাদেশ দলের কোচিং প্যানেলে। তবে তিনি স্পষ্ট করে কিছু জানাননি। অবশেষে আজ বুধবার সকালে জানা গেলো, ডমিঙ্গো নিজেই সরে দাঁড়িয়েছেন দলের দায়িত্ব থেকে।

তিন বছরেরও বেশি সময় বাংলাদেশ ক্রিকেটের প্রধান কোচের দায়িত্বে ছিলেন ডমিঙ্গো। এর মধ্যেই অনেকবারই তার বিদায় নিয়ে গুঞ্জন উঠলেও এবার আনুষ্ঠানিকভাবেই এলো সেই ঘোষণা।

সূত্র: ইত্তেফাক